রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ২৮, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**

**পার-৩ শাখা।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ/২০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**এস.আর.ও নং ৬৩-আইন/২০১৮।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"এমবিবিএস"** অর্থ ব্যাচেলর অফ মেডিসিন এন্ড ব্যাচেলর অফ সার্জারী;

(খ) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(গ) **"ডিগ্রি" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট"** অর্থ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রি, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট বা, এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে, বোর্ড কর্তৃক স্বীকৃত কোন ডিগ্রি, ডিপ্লোমা বা সার্টিফিকেটের সমমানের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;

(ঘ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;



**মূল্য :** টাকা ১৬.০০

(ঙ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(চ) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ছ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ তফসিলে সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা;

(জ) **"বি এ এম এস"** অর্থ ব্যাচেলর অফ আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারী;

(ঝ) **"বিইউএমএস"** অর্থ ব্যাচেলর অফ ইউনানী মেডিসিন এন্ড সার্জারী;

(ঞ) **"শিক্ষানবিশ"** অর্থ কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে শিক্ষানবিশ হিসাবে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তি; এবং

(ট) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়"** বা **"স্বীকৃত বোর্ড"** বা **"স্বীকৃত প্রতিষ্ঠান"** বা **"স্বীকৃত ইনস্টিটিউট"** অর্থ আপাতত বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট এবং এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড, প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্যপূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোন শূন্য পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না :

তবে শর্ত থাকে যে—

(ক) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে, তবে ২০ তম গ্রেডের কোন পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা বা না করা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে; এবং

(খ) পরিচ্ছন্নতা কর্মী পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে মোট পদের শতকরা ৮০ ভাগ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে, তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকেন এবং স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোন ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ণ চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য প্রযোজ্য হইবে, জ্যেষ্ঠতা বা অন্য কোন আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে;

তবে শর্ত থাকে যে, ১৩—১৬ গ্রেডের কোন পদ হইতে ১০—১২ গ্রেডের কোন পদে এবং ১০—১২ গ্রেডের কোন পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোন পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে, তবে পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশ**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য, নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ এক বা একাধিকবার এইরূপে বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে উহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন;

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স পঞ্চাশ বৎসর উত্তীর্ণ হইয়াছে সেইসকল কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার এক বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান**।—তফসিলে উল্লিখিত কোন পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ হইলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

**তফসিল**

**[বিধি ২(ঘ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১। | অধ্যক্ষ-কাম-অধীক্ষক গ্রেড-৪ | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী অধ্যাপক পদে ০৭ (সাত) বৎসরের চাকরি। |
| ০২। | সহকারী অধ্যাপক ফিজিওলজী বিভাগ (কমন) গ্রেড-৬ | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br><br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | ((ক) পদোন্নতির ক্ষেত্রে : প্রভাষক পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এমবিবিএস ডিগ্রিসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত; অথবা<br>(অ) কোন স্বীকৃত বিশ্ব-বিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বিএএমএস বা বিইউএমএস ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট; এবং<br>(আ) সরকার কর্তৃক অনুমোদিত কোন ইউনানী ও আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠানে প্রভাষক হিসাবে ০৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ০৩। | প্রভাষক (গ্রেড-৯)<br>(১) প্রভাষক, এনাটমী বিভাগ (সাধারণ)<br>(২) প্রভাষক, ফিজিওলজী বিভাগ (কমন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এমবিবিএস ডিগ্রিসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত; অথবা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | (৩) প্রভাষক, হাইজিন বিভাগ (কমন)<br>(৪) প্রভাষক, প্যাথলজী বিভাগ (কমন) | | | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বিএএমএস বা বিইউএমএস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট; |
| | (৫) প্রভাষক, আদভিয়া বিভাগ (ইউনানী)<br>(৬) প্রভাষক, মেডিসিন বিভাগ (ইউনানী)<br>(৭) প্রভাষক, গাইনোকলজী বিভাগ (ইউনানী) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বিইউএমএস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট। |
| | (৮) প্রভাষক, দ্রব্যগুণ বিভাগ (আয়ুর্বেদ)<br>(৯) প্রভাষক, মেডিসিন বিভাগ (আয়ুর্বেদ)<br>(১০) প্রভাষক, গাইনোকলজী বিভাগ (আয়ুর্বেদ) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বিএএমএস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট। |
| ০৪। | মেডিকেল অফিসার (ওপিডি) (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এমবিবিএস ডিগ্রিসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত; অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বিএএমএস বা বিইউএমএস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট; |
| ০৫। | ক্লিনিক্যাল প্যাথলজিস্ট (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এমবিবিএস ডিগ্রিসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত; অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বিএএমএস বা বিইউএমএস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ০৬। | ইমার্জেন্সী মেডিকেল অফিসার (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এমবিবিএস ডিগ্রিসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত; অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বিএএমএস বা বিইউএমএস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট; |
| ০৭। | সেক্রেটারী (গ্রেড-১০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে : প্রধান সহকারী বা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে ০৮ (আট) বৎসরের চাকরি;<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ০৮। | নার্সিং সুপারভাইজার (গ্রেড-১০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নার্সিং এ স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা-ইন-নার্সিং বা ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি সার্টিফিকেট এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক নিবন্ধিত। |
| ০৯। | স্টাফ নার্স (গ্রেড-১০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নার্সিং এ স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা-ইন-নার্সিং বা ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি সার্টিফিকেট এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক নিবন্ধিত। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১০। | এক্সরে টেকনিশিয়ান (গ্রেড-১১) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |
| ১১। | ল্যাবরেটরী টেকনিশিয়ান (গ্রেড-১১) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |
| ১২। | প্যাথলজিস্ট টেকনিশিয়ান (গ্রেড-১১) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |
| ১৩। | হিসাবরক্ষক (গ্রেড-১৩) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে; (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে : ক্যাশিয়ার পদে ০৩ (তিন) বৎসরের চাকরি। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি বা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ১৪। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) | The Stenographers and Steno typists (Ministries, Divisions and Attached Departments) Recruitments Rules, 1978 অনুযায়ী। তবে সাঁট লিপিকার বা স্টেনোগ্রাফার বা সাঁট মুদ্রাক্ষরিক বা স্টেনো টাইপিস্ট, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুযায়ী শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি সর্বনিম্ন গতি বাংলায় প্রতি মিনিটে ২৫ শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ শব্দ প্রতিস্থাপিত হইবে। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৫। | প্রধান সহকারী (গ্রেড-১৩) | | পদোন্নতির মাধ্যমে; | উচ্চমান সহকারী পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ১৬। | লাইব্রেরীয়ান (গ্রেড-১৪) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে : সহকারী লাইব্রেরীয়ান পদে ০৭ (সাত) বৎসরের চাকরি।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। |
| ১৭। | উচ্চমান সহকারী (গ্রেড-১৪) | | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ১৮। | ক্যাশিয়ার (গ্রেড-১৪) | | পদোন্নতির মাধ্যমে | হিসাব সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১৯। | স্টুয়ার্ড (গ্রেড-১৪) | | পদোন্নতির মাধ্যমে | ডায়েট ক্লার্ক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ২০। | হিসাব সহকারী (গ্রেড-১৫) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার চালনায় পারদর্শী। |
| ২১। | ডার্ক-রুম-টেকনিশিয়ান (গ্রেড-১৫) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ এক্স-রে বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ২২। | ল্যাবরেটরী সহকারী (গ্রেড-১৫) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমাসহ ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ২৩। | সহকারী লাইব্রেরীয়ান (গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। |
| ২৪। | ডায়েট ক্লার্ক (গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার চালনায় পারদর্শী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৫। | (ক) ড্রাইভার : ভারী (গ্রেড-১৫) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারী যানবাহন চালনার অভিজ্ঞতা। |
| | (খ) ড্রাইভার : হালকা (গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা যানবাহন চালনার অভিজ্ঞতা। |
| ২৬। | স্টোর কিপার (গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার চালনায় পারদর্শী। |
| ২৭। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে, যথা :-<br>(অ) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ; এবং<br>(আ) ইংরেজিঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |
| ২৮। | কম্পাউন্ডার (গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৯। | অপারেটর (অডিওভিজ্যুয়াল) (গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং (খ) কম্পিউটার ও মাল্টিমিডিয়া চালনায় পারদর্শীসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ৩০। | মেইনটেনেন্স টেকনিশিয়ান (গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং (খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইলেক্ট্রিক্যাল ট্রেড কোর্স সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৩১। | ল্যাবরেটরী এটেনডেন্ট (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ৩২। | লাইব্রেরী এটেনডেন্ট (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ৩৩। | বেয়ারার (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |
| ৩৪। | রেকর্ড সাপ্লাইয়ার (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |
| ৩৫। | অর্ডালী টু প্রিন্সিপাল (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |
| ৩৬। | অফিস সহায়ক (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |
| ৩৭। | ফিটার (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ৩৮। | ওয়ার্ড বয়/আয়া (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৯। | টেবিল বয়/আয়া (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |
| ৪০। | ধুপি-কাম-আয়রনম্যান (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৪১। | বাবুর্চি (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৪২। | সহকারী বাবুর্চি (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৪৩। | নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৪। | স্ট্রেচার বেয়ারার (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৫। | মালী (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা। |
| ৪৬। | পরিচ্ছন্নতা কর্মী (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আব্দুল্লাহ সাজ্জাদ**
যুগ্ম-সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd